

## **AKASHVANI (Kolkata)**

### **Regional News Unit**

**Date: 06-11-2025**

**Time : 7.50 PM**

**DEO : KB**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

**Desk in Charge : SDG**

**Compiling : Sudip Basu**

**NRT : Sudip B.**

### **বিশেষ বিশেষ খবরঃ-**

- ১/ ভোটার তালিকায় বিশেষ নিরিড় সংশোধন-SIR এর কাজ খতিয়ে দেখতে সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে নির্বাচন কমিশনের এক প্রতিনিধি দল আজ থেকে উত্তরবঙ্গের চার জেলায় পর্যালোচনার কাজ শুরু করেছেন।
- ২/ ২০০২ সালের তালিকাকেই কেন ভিত্তি বর্ষ ধরে SIR করা হচ্ছে, সে বিষয়ে নির্বাচন কমিশনের বক্তব্য জানতে চেয়েছে কলকাতা হাইকোর্ট।
- ৩/ জাতীয় স্তোত্র বন্দেমাতরম্-এর ১৫০ তম বর্ষপূর্তি উপলক্ষে আগামীকাল দেশ জুড়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।
- ৪/ ২০১৬ সালের প্রাথমিক শিক্ষক নিয়োগের পরীক্ষায় কোনরকম অনিয়ম হয়নি বলে রাজ্য সরকার আজ কলকাতা হাইকোর্টে জানিয়েছে।
- ৫/ স্কুল সার্ভিস কমিশনের শিক্ষক নিয়োগ সংক্রান্ত লিখিত পরীক্ষার ফলাফল, আগামীকাল প্রকাশিত হবে।
- ৬/ কলকাতা আন্তর্জাতিক চলচিত্র উৎসবের সূচনা হয়েছে আজ।

\*\*\*\*\*

ভোটার তালিকায় বিশেষ নিরিড় সংশোধন-SIR এর কাজ খতিয়ে দেখতে সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে নির্বাচন কমিশনের এক প্রতিনিধি দল আজ থেকে উত্তরবঙ্গের চার জেলায় পর্যালোচনার কাজ শুরু করেছেন।

আজ বিকেলে কোচবিহার শহরের উৎসব অডিটোরিয়ামে বৈঠক করেন তাঁরা। উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস, কোচবিহারের জেলা নির্বাচনী আধিকারিক প্রমুখ।

এর আগে সকাল ১০-টায় আলিপুরদুয়ারের কালেক্টরেট মিটিং হলে বৈঠকে বসেন আধিকারিকরা। বৈঠকে ভোটার তালিকা সংশোধনের প্রক্রিয়া এবং BLO-দের কাজের পর্যালোচনা করা হয়। কোনো বৈধ ভোটার যাতে বাদ না পড়েন, এবং মৃত, স্থানান্তরিত কিংবা ডুপ্লিকেট ভোটার যাতে তালিকাভুক্ত না হোন, তা' নিশ্চিত করতেও বৈঠকে নির্দেশ দেওয়া হয়েছে। ১২ টি রাজ্যের মধ্যে SIR-এর কাজে পশ্চিমবঙ্গ এখনো পর্যন্ত এগিয়ে থাকায় সন্তুষ্ট কমিশন।

আজ জলপাইগুড়িতে রাত্রিবাসের পর নির্বাচন কমিশনের ওই প্রতিনিধি দল, আগামীকাল জেলা পরিষদ অডিটোরিয়ামে বৈঠক করবেন। এরপর পরিস্থিতি খতিয়ে দেখতে শিলিগুড়ি যাবেন তাঁরা। শিলিগুড়ি সার্কিট হাউজে ওইদিনই দার্জিলিং জেলার সংশ্লিষ্ট আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন তাঁরা। সেখানেও এলাকা ঘুরে দেখার কর্মসূচী রয়েছে। শনিবার প্রতিনিধি দলটি দিল্লি ফিরে যাবেন বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রের খবর।

এদিকে, আজ বিকেল ৪'টে পর্যন্ত এক কোটি ৭৩ লক্ষের বেশি এন্যুমারেশন ফর্ম বন্টন করা হয়েছে বলে কমিশন সূত্রে জানা গেছে।

\*\*\*\*\*

জেলবন্দি, অনাথ, ভবসুরে কিংবা নিষিদ্ধপল্লীর বাসিন্দারা যাতে SIR প্রক্রিয়া থেকে বাদ না পড়ে সে ব্যাপারে নির্বাচন কমিশন বিশেষ উদ্যোগ নিচ্ছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, এই সমস্ত যোগ্য ভোটারদের ক্ষেত্রেও বিশেষ ব্যবস্থা নেওয়া হচ্ছে। নির্বাচনী বিধি অনুযায়ী অপ্রাপ্তবয়স্ক, ভোটার তালিকায় নাম না থাকা ব্যক্তি, আদালত স্বীকৃত মানসিক ভারসাম্যহীন ও আদালতের নির্দেশে ভোটদানের আধিকার হারানো ব্যক্তি ভোটদানে উপযুক্ত নন। তবে বিচারাধীন বা সাজাপ্রাপ্ত বন্দি অথবা কোনও আবাসিক হোমের বাসিন্দা, পরিযায়ী শ্রমিক বা নিষিদ্ধ পল্লীর বাসিন্দা ভোটার হতে পারেন। তাই কমিশনের নিয়ম অনুযায়ী বিএলও ভোটার তালিকায় উল্লিখিত ঠিকানাতেই গিয়ে নির্দিষ্ট ভোটারের জন্য এনুমারেশন ফর্ম দিয়ে আসবেন। জেলবন্দি যদি নিজের এনুমারেশন ফর্ম পূরণ করতে চান, তবে জেল কর্তৃপক্ষকেই সেই ব্যবস্থা করতে হবে। এ বিষয়ে রাজ্যের অতিরিক্ত মুখ্যসচিব (কারা) হৃদেশ মোহন-কে নির্দেশিকা পাঠানো হচ্ছে। বিএলওরা ভোটারের নির্দিষ্ট ঠিকানায় গিয়ে ফর্ম দেবেন। যদি ওই ভোটার জেলে বা হোমে থাকেন, তবে তাঁর পরিবারের সদস্য বা নিকটাত্ত্বায়ের কাছে ফর্ম পৌঁছে দেওয়া হবে। স্থানীয় বাসিন্দা বা প্রতিবেশীরাও তথ্য দিতে পারবেন। নিষিদ্ধপল্লী বা আবাসিক হোমের ভোটারদের ক্ষেত্রেও একই ব্যবস্থা থাকবে। চাইলে অনলাইনেও ফর্ম পূরণ করা যাবে।

\*\*\*\*\*

রাজ্য জুড়ে SIR প্রক্রিয়ার কাজ চলার মধ্যেই নানা অভিযোগ উঠছে।

দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরে বেগমপুর গ্রাম পঞ্চায়েতের দুশো (২০০) কলোনীতে বিজেপির বুথ লেভেল এজেন্ট-BLA-কে মারধোরের অভিযোগ উঠেছে কর্তব্যরত BLO-র বিরুদ্ধে। আজ এন্যুমারেশন ফর্ম বন্টনের কাজ চলাকালীন BLO অঞ্জনা মন্ডল, বিজেপির ওই BLA সুরজিত বিশ্বাসকে ছড় মারেন। এরপর উপস্থিত তৃণমূল কংগ্রেস কর্মীরাও তাঁকে মারধোর করে। বাধা দিতে গেলে স্থানীয় বিজেপি কর্মী তাপস রায়কেও

মার খেতে হয়। দু'জনকেই হাসপাতালে ভর্তি করা হয়েছে। মারধোরের অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল কংগ্রেস।

কোচবিহারের মাথাভাঙ্গা এক নং ব্লকের পচাগড় গ্রাম পঞ্চায়েতের ছাট খাটের বাড়ির ২৩৯ নম্বর বুথে বিজেপির এক BLA-কে মারধর ও জুতোর মালা পরানোর অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। অভিযোগ, নিভাস দাস নামে ওই BLA টু আজ যখন বিএলওর সঙ্গে এন্যুমারেশন ফর্ম বন্টনের কাজ করছিলেন, সেই সময় তৃণমূল সমর্থকরা তাঁকে নিগ্রহ করে। তবে এই অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল কংগ্রেস।

এদিকে, জলপাইগুড়ির সদর ব্লকের খড়িয়া গ্রাম পঞ্চায়েতের সারদাপল্লী এলাকায় তিস্তা নদীর বাঁধের ওপর টেবিল পেতে এন্যুমারেশন ফর্ম বিলির অভিযোগ উঠেছে BLO-র বিরুদ্ধে। এই নিয়ে কৃষ্ণ রায় কুন্ডু নামে ওই BLO-র সঙ্গে স্থানীয়দের বাকবিতন্ডা ও হয়।

পূর্ব বর্ধমানের কাঁকসায় তৃণমূল কংগ্রেসের কর্মী সমর্থকদের বিরুদ্ধে এন্যুমারেশন ফর্ম বিলির অভিযোগ তুলে আজ বিডিও অফিসে বিক্ষোভ দেখান বিজেপি কর্মী সমর্থকরা। তাঁদের অভিযোগ, নির্বাচন কমিশনের নির্ধারিত কর্মীর জায়গায় স্থানীয় তৃণমূল নেতারা এই ফর্ম নিজেদের কাছে রেখেছেন।

\*\*\*\*\*

জলপাইগুড়ির রাজগঞ্জের বিডিও অফিসের পেছনের জঙ্গল থেকে প্রচুর ভোটার কার্ড উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। স্থানীয় সূত্রে জানা গেছে, ওই এলাকা দিয়ে যাতায়েতকারীরা ঝোপের মধ্যে কার্ডগুলি পড়ে থাকতে দেখে খবর দেন।

উল্লেখ্য, এই ব্লকের'ই বিডিও প্রশান্ত বর্মনের বিরুদ্ধে খুনের মামলা রঞ্জু হয়েছে।

বিজেপি এই ঘটনায় অনিয়মের অভিযোগ তুলেছে। বিধানসভায় বিজেপির মুখ্য সচেতক শক্তর ঘোষ বলেন, ওই বিডিও বিভিন্ন ধরণের অপকর্মে জড়িয়ে পড়েছেন। ভোটার কার্ড উদ্বার হওয়ার উপযুক্ত তদন্তের দাবী তুলেছেন তিনি।

\*\*\*\*\*

রাজ্য চলতি SIR-এর বিরুদ্ধে দায়ের হওয়া জনস্বার্থ মামলায় নির্বাচন কমিশনকে তাঁদের বক্তব্য জানাতে বলছে কলকাতা হাইকোর্ট। ২০০২ সালের তালিকাকেই কেন ভিত্তি বর্ষ ধরে SIR করা হচ্ছে, সে বিষয়ে ১০ দিনের মধ্যে হলফনামা দিতে বলেছেন বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ। ১৯শে নভেম্বর মামলার পরবর্তী শুনানি।

\*\*\*\*\*

জাতীয় স্তোত্র বন্দেমাতরম্-এর ১৫০ তম বর্ষপূর্তি উপলক্ষে দেশ জুড়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকালে দিল্লিতে বন্দে মাতরম্-এর সার্ধ শতবর্ষ পূর্তি উপলক্ষ্যে বর্ষব্যাপী উদ্যাপনের সূচনা করবেন। প্রকাশ করা হবে একটি স্মারক ডাকটিকিট'ও। দেশ জুড়ে বিভিন্ন জায়গায় সকাল ৯-টা ৫০ মিনিট নাগাদ বন্দে-মাতরম্ পূর্ণাঙ্গ আকারে গাওয়া হবে।

এই উপলক্ষ্যে রাজ্য বিজেপি, নানা কর্মসূচি গ্রহণ করেছে। আগামীকাল (৭ই নভেম্বর) একমাস ব্যাপি এই কর্মসূচির সূচনা হবে। বিকেল ৫টায় রাজ্যের প্রতিটি মন্ত্রণালয়ে পূর্ণাঙ্গ বন্দেমাতরম্ গাওয়া হবে বলে রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন। পাশাপাশি প্রজ্ঞালিত করা হবে ১৫০ টি প্রদীপ। দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক সুনীল বনসল, কেন্দ্রীয় মন্ত্রী ভূপেন্দ্র যাদব, প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার সহ দলের নেতারা বিভিন্ন জেলায় এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে যোগ দেবেন।

উত্তর ২৪ পরগণার নেহাটির বক্ষিম ভবন গবেষণা কেন্দ্র এবং সংগ্রহশালায় একটি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হবে বলে রাজ্য বিজেপির মুখ্যপাত্র দেবজিৎ সরকার এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন।

( বাইট - দেবজিৎ )

রাজ্য সরকার'ও বন্দে মাতৃবন্ধ-এর সার্ধ শতবর্ষ উপলক্ষ্যে একটি উদ্ঘাপন কমিটি গঠনের কথা ঘোষণা করেছে।

\*\*\*\*\*

২০১৬ সালের প্রাথমিক শিক্ষক নিয়োগের পরীক্ষায় কোনরকম অনিয়ম হয়নি বলে রাজ্য সরকার আজ কলকাতা হাইকোর্টে জানিয়েছে।

বিচারপতি তপোব্রত চক্ৰবৰ্তী এবং বিচারপরি ঋতুব্রত কুমার মিত্রের ডিভিশন বেঞ্চে শুনানির সময় আজ রাজ্যের অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত একথা বলেন। তিনি দাবী করেন, এস বসু রায় অ্যান্ড কোম্পানী নামের ওই সংস্থার নিয়োগ প্রক্রিয়ায় কোনো ভূমিকাই ছিলনা। প্রয়োজনে রাজ্য সরকার সমস্ত নথি আদালতে জমা দিতে পারেন বলে জানান।

\*\*\*\*\*

২০১৬ সালের SSC-র চাকরী বাতিল মামলায় যোগ্য শিক্ষকদের অতিরিক্ত ১০ নম্বর দেওয়ার বিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ করে দায়ের মামলায় কলকাতা হাইকোর্ট স্কুল সার্ভিস কমিশনকে যোগ্য-অযোগ্যদের তালিকা আদালতে পেশ করার নির্দেশ দিয়েছে।

অন্যদিকে, আগামী ১২'ই নভেম্বর মামলাকারীদের, তাঁদের বক্তব্য হলফনামা আকারে জমা দিতে বলা হয়েছে। ওই দিনই মামলার পরবর্তী শুনানি।

\*\*\*\*\*

স্কুল সার্ভিস কমিশনের শিক্ষক নিয়োগ পরীক্ষার লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশিত হবে আগামীকাল। এসএসসি সূত্রে জানা যাচ্ছে, সঞ্চ্যা ৮ টার পর ফলপ্রকাশ হবে। আগে একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের পরীক্ষার ফল প্রকাশ করা হবে। তথ্য যাচাই ও ইন্টারভিউ প্রক্রিয়া শুরু হওয়ার পর নবম-দশমের শিক্ষক নিয়োগের ফল প্রকাশ করা হবে। গত ৭ ও ১৪ই সেপ্টেম্বর নিয়োগ পরীক্ষা হয়েছিল। একাদশ দ্বাদশে শূন্য পদের সংখ্যা ১২ হাজার ৫১৪টি। দু লক্ষ ২৯ হাজার ৪৯৭ জন পরীক্ষা দিয়েছিলেন। নবম-দশমের ২৩ হাজার ২১২টি শূন্য পদের জন্য ২ লক্ষ ৯৩ হাজার ১৯২ জন পরীক্ষা দিয়েছিলেন। চলতি বছরের ডিসেম্বরের মধ্যেই নিয়োগ প্রক্রিয়া শেষ করার নির্দেশ দিয়েছিল সুপ্রিম কোর্ট।

\*\*\*\*\*

শুরু হলো ৩১ তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব। ধনধান্য প্রেক্ষাগৃহে উৎসবের সূচনা করেন বিশিষ্ট পরিচালক রমেশ সিঙ্গি, অভিনেতা শত্রুঘ্ন সিনহা, সৌরভ গাঙ্গুলি ও মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। একই মধ্যে ২০২৫ এর বঙ্গবিভূষণ সম্মান জানানো হয় শত্রুঘ্ন সিনহা এবং কিংবদন্তী সঙ্গীত শিল্পী আরতি মুখোপাধ্যায়কে। অনুষ্ঠানে ঋত্বিক ঘটকের স্মরণে একটি বই 'অনন্য ঋত্বিক' প্রকাশ করা হয়। আগামী ১৩ তারিখ পর্যন্ত এই উৎসব চলবে। একটি প্রতিবেদন- ( ক্যাপসুল-

\*\*\*\*\*

কলকাতায় আজ ভারতের বৃহত্তম আন্তর্জাতিক মানের হকি স্টেডিয়ামের উদ্বোধন হয়েছে। দূর নিয়ন্ত্রণ ব্যবস্থার মাধ্যমে আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের উদ্বোধনী মঞ্চ থেকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বিবেকানন্দ যুবভারতী হকি স্টেডিয়ামের সূচনা করেন। ২২ হাজার দর্শক আসন বিশিষ্ট এই স্টেডিয়ামে থাকবে অত্যাধুনিক সিলেক্টিক টার্ফ,

আর্দেন গ্যালারি, ওয়ার্মআপ জোন, ভিআইপি রুম সহ বিভিন্ন ব্যবস্থা। স্টেডিয়ামটি  
তৈরিতে প্রায় ২০ কোটি টাকা ব্যয় হয়েছে।

\*\*\*\*\*